




একই স্মারক ও তারিখের বিকল্প প্রতিলিপি
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৩.১৯.৪৬২

তারিখ: ৩১-০৮-২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান প্রধানদের আবেদনের প্রেক্ষিতে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শিক্ষার্থীর ভর্তির যোগ্যতা: সরকারী প্রতিষ্ঠানে ১ম শিফটে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ২০১৭ অথবা এর পরবর্তী সময়ে জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এছাড়া সরকারী প্রতিষ্ঠানের ২য় শিফট এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি উত্তীর্ণদের পাসের সন শিথিলযোগ্য। তবে, অষ্টম শ্রেণি পাসের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অষ্টম শ্রেণি পাসের প্রত্যয়নপত্র (জন্ম তারিখ উল্লেখসহ) এবং জন্ম নিবন্ধনের অনলাইন কপি থাকতে হবে এবং শিক্ষার্থীর বয়স ন্যূনতম ১২ বছর হতে হবে।

ফিসের বিবরণ (শিক্ষার্থী প্রতি): রেজিস্ট্রেশন ফি ১৩০.০০ টাকা, ক্রীড়া ফি ৫০.০০ টাকা, স্কাউট/গার্লসগাইড ফি ১৫.০০ টাকা, রেড ক্রিসেন্ট ফি ৮.০০ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ টাকা, আবেদনপত্র বিক্রির (ভর্তিকৃত শিক্ষার্থী) ফি ৩০.০০ টাকাসহ সর্বমোট ২৪০.০০ (দুইশত চল্লিশ টাকা) হারে একত্রে প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদান করতে হবে।

০১. অনলাইনে ডাটা এন্ট্রির সময়সূচি: ১৮-০৯-২০২৩ খ্রি. হতে ২০-০৯-২০২৩ খ্রি. পর্যন্ত।
০২. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা প্রতিষ্ঠানে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে তথ্য সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা যথাযথ ভাবে নিশ্চিত হয়ে ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোনভাবেই শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।
০৩. সোনালী সেবা অথবা সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদানের সময়সূচি: ২৫-০৯-২০২৩ খ্রি. হতে ২৬-০৯-২০২৩ খ্রি. পর্যন্ত।
০৪. ফাইনাল কপি (হার্ড কপি) প্রিন্টের সময়সূচি: ২৬-০৯-২০২৩ খ্রি. পর্যন্ত।
০৫. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার প্রমাণক অবশ্যই প্রদর্শন করতে হবে।
০৬. ২০২৩-২৪ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।
০৭. নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
০৮. প্রতি ট্রেডে আসন সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন।
০৯. রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ৩১-০৮-২০২৩ খ্রি.

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৩.১৯.৪৬২(১০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১-৫. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধ করা হলো)
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোক.)/কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোক.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি।

(প্রকো. মোঃ আব্দুল হামান)

উপসচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা